- $ar^3 = -2$       ক্র  $\frac{a(r^{n-1} - 1)}{r - 1} = -2$

- গ  $ar^4 = 2$       ঘ  $\frac{a(1 - r^{n-1})}{1 - r} = -2$

৫২. নবম পদ  $8\sqrt{2}$  হলে  $r = ?$  (কঠিন)

- ক্র  $\sqrt{2}$       ●  $-\sqrt{2}$       গ 2      ঘ  $-2$

$$\text{ব্যাখ্যা : } ar^{9-1} = 8\sqrt{2} \text{ বা, } ar^8 = 8\sqrt{2}$$

$$\therefore \frac{ar^8}{ar^3} = \frac{8\sqrt{2}}{-2} \text{ বা, } r^5 = -4\sqrt{2} = (-\sqrt{2})^5 \text{ বা, } r = -\sqrt{2}$$

৫৩. 14 তম পদ নিচের কোনটি? (মধ্যম)

- ক্র  $-2^7$       ক্র  $2^7$       গ  $-2^6$       ●  $2^6$

$$\text{ব্যাখ্যা : 14 তম পদ} = ar^{14-1} = \frac{1}{\sqrt{2}} \cdot (\sqrt{2})^{13} = 2^6$$

গুণোত্তর ধারার সমষ্টি নির্ণয়

সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫৪. গুণোত্তর ধারার প্রথম পদ  $a$ , সাধারণ অনুপাত  $r > 1$  হলে, সমষ্টি নির্ণয়ের সূত্র নিচের কোনটি? (সহজ)

- ক  $\frac{a(r^n-1)}{1-r}$     খ  $\frac{a(r^n-1)}{1+r}$     গ  $\frac{a(r^n-1)}{r-1}$     ঘ  $\frac{a(1-r^n)}{1-r}$

৫৫. গুণোত্তর ধারার সাধারণ অনুপাত  $r < 1$  হলে, সমষ্টি নির্ণয়ের সূত্র নিচের কোনটি? (সহজ)

- ক  $\frac{a(r^n-1)}{1-r}$     খ  $\frac{n}{2}(2a + (n-1)d)$   
 গ  $\frac{a(r^n+1)}{1+r}$     ঘ  $\frac{a(1-r^n)}{1-r}$

৫৬.  $1 - 1 + 1 - 1 + \dots$  ধারাটির দশটি পদের সমষ্টি কত? (মধ্যম)

- ক  $-1$     গ  $0$     ঘ  $1$     ঙ  $2$

৫৭. একটি ধারার প্রথম পদ  $\sqrt{3}$  এবং সাধারণ অনুপাত  $-1$  হলে  $2n$  সংখ্যক পদের যোগফল কত? (মধ্যম)

- ক  $\sqrt{3}$     গ  $1$     ঘ  $0$     ঙ  $-\sqrt{3}$

ব্যাখ্যা : ধারাটি  $\sqrt{3} - \sqrt{3} + \sqrt{3} - \sqrt{3} + \dots$

জোড় সংখ্যক পদের যোগফল = 0, বিজোড় সংখ্যক পদের যোগফল =  $\sqrt{3}$ .

৫৮.  $\frac{1}{2} + \frac{1}{4} + \frac{1}{8} + \frac{1}{16} + \dots$  ধারার প্রথম তিনটি পদের যোগফল কত? (মধ্যম)

- ক  $\frac{7}{8}$     গ  $\frac{6}{8}$     ঘ  $\frac{5}{8}$     ঙ  $\frac{1}{8}$

৫৯.  $3 - 3 + 3 - 3 + \dots$  ধারাটির  $(2n + 1)$  তম পদের সমষ্টি কত?

- ক  $-3$     গ  $3$     ঘ  $2$     ঙ  $0$

৬০. প্রথম পদ = 5 এবং সাধারণ অনুপাত = 1 হলে 10টি পদের যোগফল নিচের কোনটি? (সহজ)

- ক 5    গ 15    ঘ 45    ঙ 50

ব্যাখ্যা :  $S = 5 \times 10 = 50$  [ $\because r = 1$ ]

বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৬১. কোনো ধারার 8টি পদের সমষ্টি  $5 \times (16 - 1)$  হলে-

- i. ধারাটির প্রথম পদ 16  
 ii. ধারাটির সাধারণ অনুপাত  $\sqrt{2}$   
 iii. ধারাটির 10টি পদের সমষ্টি 155

নিচের কোনটি সঠিক? (কঠিন)

- ক i ও ii    গ i ও iii    ঘ ii ও iii    ঙ i, ii ও iii

৬২. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. গুণোত্তর ধারার  $n$  পদের সমষ্টি  $\frac{a(r^n-1)}{r-1}$ ; [ $r > 1$ ]

ii. গুণোত্তর ধারার  $n$  পদের সমষ্টি  $\frac{a(1-r^n)}{1-r}$ ; [ $r < 1$ ]

iii.  $1 - 1 + 1 - 1 + \dots$  গুণোত্তর ধারার  $(2n + 1)$  পদের সমষ্টি  $-1$  নিচের কোনটি সঠিক? (মধ্যম)

- ক i ও ii    গ i ও iii    ঘ ii ও iii    ঙ i, ii ও iii

অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের তথ্যের আলোকে ৬৩ ও ৬৪ নং প্রশ্নের উত্তর দাও :

$$1 + \frac{1}{3} + \frac{1}{9} + \dots$$

৬৩. ধারাটির ষষ্ঠ ও সপ্তম পদের যোগফল কত? (কঠিন)

- ক  $\frac{2}{729}$     গ  $\frac{4}{729}$     ঘ  $\frac{3}{243}$     ঙ  $\frac{7}{729}$

ব্যাখ্যা : ষষ্ঠপদ =  $ar^{6-1} = 1 \cdot \left(\frac{1}{3}\right)^5 = \frac{1}{3^5}$

$$\therefore \text{সপ্তম পদ} = ar^{7-1} = 1 \cdot \left(\frac{1}{3}\right)^6 = \frac{1}{3^6}$$

$$\therefore \text{যোগফল} = \frac{1}{3^5} + \frac{1}{3^6} = \frac{1}{3^5} \left(1 + \frac{1}{3}\right) = \frac{4}{3 \cdot 3^5} = \frac{4}{729}$$

৬৪. ধারাটির প্রথম পাঁচটি পদের সমষ্টি কত? (কঠিন)

- ক  $\frac{1}{121}$     গ  $\frac{81}{121}$     ঘ  $\frac{119}{81}$     ঙ  $\frac{121}{81}$

ব্যাখ্যা : এখানে,  $a = 1, r = \frac{1}{3} < 1, n = 5$

$$\therefore \text{সমষ্টি} = S = \frac{a(1-r^n)}{1-r} = \frac{1 \left\{ 1 - \left(\frac{1}{3}\right)^5 \right\}}{1 - \frac{1}{3}} = \frac{1 - \frac{1}{243}}{\frac{2}{3}}$$

$$= \frac{\frac{242}{243}}{\frac{2}{3}} = \frac{242}{243} \times \frac{3}{2} = \frac{121}{81}$$

নিচের তথ্যের আলোকে ৬৫ - ৬৭ নং প্রশ্নের উত্তর দাও :

$$1 + \frac{1}{2} + \frac{1}{2^2} + \frac{1}{2^3} + \dots + \frac{1}{2^7} \text{ একটি ধারা।}$$

৬৫. ধারাটির সাধারণ অনুপাত কত? (মধ্যম)

- ক  $\frac{1}{2}$     গ  $\frac{1}{3}$   
 ঘ  $\frac{1}{4}$     ঙ  $2$

৬৬. ধারাটির ষষ্ঠ পদ কত? (মধ্যম)

- ক  $\frac{1}{10}$     গ  $\frac{1}{32}$   
 ঘ  $\frac{1}{20}$     ঙ  $\frac{2}{7}$

৬৭. ধারাটির 3টি পদের সমষ্টি কত? (মধ্যম)

- ক  $\frac{7}{3}$     গ  $\frac{3}{2}$     ঘ  $\frac{7}{4}$     ঙ  $1$

নিচের তথ্যের আলোকে ৬৮ - ৭০ নং প্রশ্নের উত্তর দাও :

$$4 - 4 + 4 - 4 + \dots \text{ একটি গুণোত্তর ধারা।}$$

৬৮. ধারাটির সাধারণ অনুপাত কত? (মধ্যম)

- ক 0    গ  $-1$     ঘ  $1$     ঙ  $2$

৬৯. ধারাটির  $2n$  সংখ্যক পদের সমষ্টি কত? (মধ্যম)

- ক 0    গ  $2$     ঘ  $3$     ঙ  $4$

৭০. ধারাটির  $(2n + 1)$  সংখ্যক পদের সমষ্টি কত? (মধ্যম)

- ক  $2$     গ  $3$     ঘ  $4$     ঙ  $6$

নির্বাচিত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৭১.  $\frac{1}{\sqrt{3}}, -1, \sqrt{3}, \dots$  এর পরবর্তী পদটি কী হবে?

- ক  $-3\sqrt{3}$     গ  $3\sqrt{3}$     ঘ  $\sqrt{3}$     ঙ  $-3$

৭২. গুণোত্তর ধারার ১ম পদ ২, সাধারণ অনুপাত ২ হলে, ১ম পাঁচটি পদের সমষ্টি কত?  
 ● 62      ☐ 30      ☑ -30      ☒ -62
৭৩.  $x + y + z + w + \dots$  ধারাটি গুণোত্তর ধারাতুল্য হলে, নিচের কোনটি সঠিক?  
 ●  $\frac{y}{x} = \frac{w}{z}$       ☐  $y - x = w - z$   
 ☑  $\frac{x}{y} = \frac{w}{z}$       ☒  $x - y = z - w$
৭৪.  $x + y + z + \dots$  গুণোত্তর ধারাটির সাধারণ অনুপাত কত?  
 ☐ x      ☑ y      ☒ z      ●  $\frac{z}{y}$
৭৫. কোনো গুণোত্তর ধারার প্রথম পদ ১, সাধারণ অনুপাত ২, তৃতীয় পদের মান কত?  
 ☐  $\frac{1}{4}$       ☑  $\frac{1}{2}$       ☒ 1      ● 4
৭৬.  $3 + x + y + 24$  গুণোত্তর ধারা হলে  $(x, y) = ?$   
 ☐ (4, 8)      ☑ (10, 15)      ● (6, 12)      ☒ (9, 18)
৭৭.  $2, -4, 8, -16, \dots$  অনুক্রমটির পরের পদটি কত?  
 ☐ -32      ☑ 16      ☒ 24      ● 32
৭৮.  $1^2 + 2^2 + 3^2 + \dots + 10^2 =$  কত?  
 ☐ 55      ☑ 110      ● 385      ☒ 3025
৭৯. n সংখ্যক স্বাভাবিক সংখ্যার—  
 i. সমষ্টি  $= \frac{n(n+1)}{2}$   
 ii. বর্গের সমষ্টি  $= \frac{n(n+1)}{6}$

- iii. ঘনের সমষ্টি  $= \frac{n^2(n+1)^2}{4}$   
 নিচের কোনটি সঠিক?  
 ☐ i ও ii      ● i ও iii      ☑ ii ও iii      ☒ i, ii ও iii
৮০.  $1 - 1 + 1 - 1 + \dots$  ধারাটির—  
 i.  $2n$  সংখ্যক পদের সমষ্টি 1  
 ii.  $2n + 1$  সংখ্যক পদের সমষ্টি 1  
 iii. পদসংখ্যা অসীম  
 নিচের কোনটি সঠিক?  
 ☐ i ও ii      ☑ i ও iii      ● ii ও iii      ☒ i, ii ও iii
৮১. নিচের তথ্যগুলো লক্ষ কর :  
 i.  $S_n = \frac{a(q^n - 1)}{q - 1}$  [ $q > 1$ ]  
 ii.  $S_n = \frac{a(1 - q^n)}{q - 1}$  [ $q = 1$ ]  
 iii.  $S_n = \frac{a(1 - q^n)}{1 - q}$  [ $q < 1$ ]  
 নিচের কোনটি সঠিক?  
 ☐ i ও ii      ● i ও iii      ☑ ii ও iii      ☒ i, ii ও iii
- নিচের তথ্যের আলোকে ৮২ ও ৮৩ নং প্রশ্নের উত্তর দাও :  
 $\log 3 + \log 9 + \log 27 + \dots$
৮২. ধারাটির সাধারণ অন্তর নিচের কোনটি?  
 ●  $\log 3$       ☑  $\log 9$       ☒  $2 \log 3$       ☒  $3 \log 3$
৮৩. ধারাটির 10 তম পদ কত?  
 ☐  $\log 1000$       ☑  $\log 900$       ☒  $\log 72900$       ●  $\log 59049$

## এ অধ্যায়ের পাঠ সমন্বিত অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮৪. i.  $2a + d + (2a + 2d) + (3a + 3d) + \dots$  ধারাটির সাধারণ অন্তর d  
 ii. সমান্তর ধারার 15টি পদের সমষ্টি 225 হলে অষ্টম পদটি 15  
 iii. সমান্তর ধারার n সংখ্যক পদের সমষ্টি  $\frac{n}{2}(1ম পদ + শেষ পদ)$   
 নিচের কোনটি সঠিক? (মধ্যম)  
 ☐ i ও ii      ● ii ও iii      ☑ i ও iii      ☒ i, ii ও iii
৮৫. i. ১ম n সংখ্যক বিজোড় সংখ্যক পদের সমষ্টি  $n^2$   
 ii.  $2(1 + 2 + 3 + \dots + n)$  সংখ্যক পদ  $= n^2 + n$   
 iii. ১ম n সংখ্যক পদের সমষ্টি 10 হলে  $n^2 + n - 20 = 0$   
 নিচের কোনটি সঠিক? (মধ্যম)  
 ☐ i ও ii      ☑ ii ও iii      ☒ i ও iii      ● i, ii ও iii
৮৬. i. সমান্তর ধারার ক্ষেত্রে পদ সংখ্যা ধনাত্মক পূর্ণসংখ্যা  
 ii. ১ম পদ a ও সাধারণ অন্তর d হলে সমান্তর ধারার ৪র্থ পদ  $(a + 3d)$   
 iii.  $3 + 7 + 11 = \dots$  ধারাটির ৫ম পদ 19  
 নিচের কোনটি সঠিক? (মধ্যম)  
 ☐ i ও ii      ☑ ii ও iii      ☒ i ও iii      ● i, ii ও iii
৮৭. i. সমান্তর ধারার ক্ষেত্রে সাধারণ অন্তর ধনাত্মক বা ঋণাত্মক হতে পারে

- ii.  $2^{n+1} + 2^{n+2} + 2^{n+3} + \dots$  একটি সমান্তর ধারা  $= n^2 + n$   
 iii. কোনো ধারার n সংখ্যক পদের সমষ্টি  $n(2n + 1)$  হলে ১ম 2টি পদের সমষ্টি 10  
 নিচের কোনটি সঠিক? (মধ্যম)  
 ☐ i ও ii      ☑ ii ও iii      ● i ও iii      ☒ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

- নিচের তথ্যের আলোকে ৮৮ – ৯০ নং প্রশ্নের উত্তর দাও :

একটি সমান্তর ধারার 12 তম পদ 77

৮৮. প্রদত্ত পদ a ও সাধারণ অন্তর d হলে নিচের কোনটি সঠিক?

- $a + 11d = 77$       ☑  $11d + a = 77$   
 ☒  $a + 10d = 77$       ☒  $10d + a = 77$

৮৯. ধারাটির প্রথম 23টি পদের যোগফল কত? (মধ্যম)

- ☐ 1372      ● 1771      ☒ 2129      ☒ 2379

৯০. ধারাটির প্রথম পদ 11 হলে সাধারণ অন্তর কত? (মধ্যম)

- ☐ 4      ☑ 5      ● 6      ☒ 7

- নিচের তথ্যের আলোকে ৯১ ও ৯২ নং প্রশ্নের উত্তর দাও :

একটি গুণোত্তর ধারার প্রথম পদ a, সাধারণ অনুপাত

r ধারাটির pতম পদ  $= a + 12r - 12$

৯১. ধারাটির pতম পদ কত?



৯২. ধারাটির ১ম ৪টি পদের সমষ্টি কত?  
 (ক)  $ar^3$  (খ)  $ar^4$  (গ)  $ar^5$  (ঘ)  $ar^6$

(ক)  $\frac{a(r^4-1)}{r-1}$  (খ)  $\frac{a(r^4-1)}{r^2-1}$  (গ)  $\frac{a(r^5-1)}{r-1}$  (ঘ)  $\frac{a(r^4-1)}{r+1}$

গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন ও সমাধান

প্রশ্ন-১ ▶  $\log 3 + \log 9 + \log 27 + \dots$

- ক. ইহা কোন ধরনের ধারা? ২  
 খ. ধারার পঞ্চম ও দশম পদ নির্ণয় কর। ৪  
 গ. ধারার প্রথম বারটি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

▶◀ ১নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,  $\log 3 + \log 9 + \log 27 + \dots$   
 $= \log 3 + \log 3^2 + \log 3^3 + \dots$   
 $= \log 3 + 2 \log 3 + 3 \log 3 + \dots$   
 এখানে, প্রথম পদ =  $\log 3$   
 দ্বিতীয় পদ =  $2 \log 3$   
 তৃতীয় পদ =  $3 \log 3$   
 এখানে, দ্বিতীয় পদ - প্রথম পদ =  $2 \log 3 - \log 3 = \log 3$   
 তৃতীয় পদ - দ্বিতীয় পদ =  $3 \log 3 - 2 \log 3 = \log 3$   
 $\therefore$  ধারাটি সমান্তর ধারা. (Ans.)

খ. প্রদত্ত ধারার প্রথম পদ,  $a = \log 3$   
 সাধারণ অন্তর,  $d = \log 3$   
 আমরা জানি,  
 সমান্তর ধারার  $n$  তম পদ =  $a + (n-1)d$   
 $\therefore$  ধারাটির পঞ্চম ( $n=5$ ) পদ =  $\log 3 + (5-1) \log 3$   
 $= \log 3 + 4 \log 3$   
 $= 5 \log 3$ . (Ans.)  
 আবার, ধারাটির দশম ( $n=10$ ) পদ =  $\log 3 + (10-1) \log 3$   
 $= \log 3 + 9 \log 3$   
 $= 10 \log 3$ . (Ans.)

গ. আমরা জানি,  
 সমান্তর ধারার প্রথম  $n$  তম পদের সমষ্টি  $S_n = \frac{n}{2} \{2a + (n-1)d\}$   
 $\therefore$  ধারাটির প্রথম বারোটি ( $n=12$ ) পদের সমষ্টি  
 $S_{12} = \frac{12}{2} \{2 \log 3 + (12-1) \log 3\}$   
 $= 6 \{2 \log 3 + 11 \log 3\}$   
 $= 6 \times 13 \log 3$   
 $= 78 \log 3$  (Ans.)

প্রশ্ন-২ ▶ একটি গুণোত্তর ধারার অষ্টম পদ  $-27$  এবং একাদশ পদ  $81\sqrt{3}$

- ক. প্রদত্ত তথ্যগুলো সমীকরণ আকারে প্রকাশ কর। ২  
 খ. ধারাটির 14 তম পদ নির্ণয় কর। ৪  
 গ. ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

▶◀ ২নং প্রশ্নের সমাধান ▶◀

ক. মনে করি, গুণোত্তর ধারার প্রথম পদ =  $a$   
 সাধারণ অনুপাত =  $r$   
 আমরা জানি, গুণোত্তর ধারার  $n$  তম পদ =  $ar^{n-1}$

শর্তানুসারে, গুণোত্তর ধারার অষ্টম পদ =  $ar^{8-1}$

$\therefore ar^7 = -27$  ..... (i)

এবং গুণোত্তর ধারার একাদশ পদ =  $ar^{10} = 81\sqrt{3}$  ..... (ii)

খ. ক অংশ থেকে প্রাপ্ত সমীকরণের (ii) নং কে (i) নং দ্বারা ভাগ করে পাই,

$\frac{ar^{10}}{ar^7} = \frac{81\sqrt{3}}{-27}$

বা,  $r^3 = q^{10-7} = -3\sqrt{3}$

বা,  $r^3 = -3\sqrt{3}$

বা,  $r^3 = (-\sqrt{3})^3$

$\therefore r = -\sqrt{3}$

এখন  $r$  এর মান (ii) নং সমীকরণে বসিয়ে পাই,

$a(-\sqrt{3})^{10} = 81\sqrt{3}$

বা,  $a(\sqrt{3})^{10} = 81\sqrt{3}$

বা,  $a = \frac{81\sqrt{3}}{(\sqrt{3})^{10}} = \frac{(\sqrt{3})^9}{(\sqrt{3})^{10}}$

$\therefore a = \frac{1}{\sqrt{3}}$

ধারাটির 14 তম পদ =  $ar^{14-1} = ar^{13}$

$= \frac{1}{\sqrt{3}} (-\sqrt{3})^{13} = \frac{\sqrt{(-3)^{13}}}{\sqrt{3}}$   
 $= -729$  (Ans.)

গ. 'খ' অংশ হতে প্রাপ্ত,  $a = \sqrt{3}$  এবং  $r = \sqrt{3} < 1$

$\therefore$  ধারাটির ১ম 10টি পদের সমষ্টি,  $S_{10} = \frac{a(1-r^{10})}{1-r}$   
 $= \frac{\sqrt{3} \{1 - (-\sqrt{3})^{10}\}}{1 - (-\sqrt{3})}$   
 $= \frac{\sqrt{3} (1 - (\sqrt{3})^{10})}{1 + \sqrt{3}}$   
 $= -153.421$

প্রশ্ন-৩ ▶  $6 + x + y + z + 96 + \dots$  একটি গুণোত্তর ধারা

- ক. সমান্তর ধারা ও অনুক্রম এর মধ্যে দুইটি পার্থক্য লিখ। ২  
 খ.  $x, y$  এবং  $z$  এর মান নির্ণয় কর। ৪  
 গ. উদ্দীপকের ধারাটি লেখ। ধারাটির প্রথম  $n$  সংখ্যক পদের সমষ্টি 3066 হলে,  $n$  এর মান কত? ৪

▶◀ ৩নং প্রশ্নের সমাধান ▶◀

ক. নিম্নে সমান্তর ধারা ও অনুক্রম এর মধ্যে দুইটি পার্থক্য উল্লেখ করা হলো :

সমান্তর ধারা	অনুক্রম
১। কোনো ধারার যেকোনো পদ ও তার পূর্ববর্তী পদের পার্থক্য সবসময় সমান হয়, তাকে সমান্তর ধারা বলে।	১। কতকগুলো রাশিকে যদি বিশেষ নিয়মে সাজানো হয় যেন তাদের পূর্বপদ ওপরের পদের মধ্যকার সম্পর্ক জানা যায় তাহলে

২। সমান্তর ধারার পদগুলো পরস্পর গাণিতিক যোগ বা বিয়োগ চিহ্ন দ্বারা যুক্ত থাকে।	২। অনুক্রমের পদগুলো কোনোরূপ গাণিতিক চিহ্ন দ্বারা যুক্ত থাকে না।
---	---

খ. দেওয়া আছে,  $6 + x + y + z + 96 + \dots$

মনে করি, ধারাটির সাধারণ অনুপাত,  $r = k$

এখন, গুণোত্তর ধারা শর্তানুসারে

$$\frac{x}{6} = \frac{y}{x} = \frac{z}{y} = \frac{96}{z} = k$$

$$\therefore x = 6k$$

$$y = xk$$

$$z = yk$$

$$96 = zk$$

$$\text{বা, } 96 = yk \cdot k = yk^2$$

$$\text{বা, } 96 = xk \cdot k^2 = xk^3$$

$$\text{বা, } 96 = 6k \cdot k^3$$

$$\text{বা, } 96 = 6k^4$$

$$\text{বা, } k^4 = 16$$

$$\text{বা, } k = 2$$

$$\therefore x = 6 \times 2 = 12$$

$$y = 12 \times 2 = 24$$

$$z = 24 \times 2 = 48$$

$x, y$  ও  $z$  এর মান যথাক্রমে 12, 24 ও 48 (Ans.)

গ. উদ্দীপকের ধারাটি হলো  $6 + x + y + z + 96 + \dots$

ধারাটিতে 'খ' থেকে প্রাপ্ত  $x, y$  ও  $z$  এর মান বসিয়ে পাই,

$$6 + 12 + 24 + 48 + 96 + \dots$$

ধারাটির সাধারণ অনুপাত,  $r = 2 > 1$

প্রথম অনুপাত,  $a = 6$

$$\therefore n \text{ তম পদের সমষ্টি, } S_n = \frac{a(r^n - 1)}{r - 1}, r > 1$$

$$\text{বা, } 3066 = \frac{6(2^n - 1)}{2 - 1}$$

$$\text{বা, } 3066 = 6(2^n - 1)$$

$$\text{বা, } 2^n - 1 = 511$$

$$\text{বা, } 2^n = 512$$

$$\text{বা, } 2^n = 2^9$$

$$\therefore n = 9 \text{ (Ans.)}$$

**প্রশ্ন-৪** ▶ একটি সমান্তর ধারার 7-তম পদ 34 এবং 13-তম পদ 64, প্রথম পদ  $a$

এবং সাধারণ অন্তর  $d$  বিবেচনা করা হলো।

ক. প্রদত্ত তথ্যের ভিত্তিতে সমীকরণ গঠন কর। ২

খ. ধারাটি নির্ণয় কর। ৪

গ. প্রাপ্ত ধারাটির সাধারণ অন্তরকে সাধারণ অনুপাত বিবেচনা করে, প্রথম 7টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

▶◀ ৪নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে,

সমান্তর ধারার 7-তম পদ 34 এবং 13-তম পদ 64

ধারাটির 1ম পদ  $a$  এবং সাধারণ অন্তর  $d$

আমরা জানি, সমান্তর ধারার  $n$ তম পদ  $= a + (n - 1)d$

$$\therefore \text{প্রশ্নানুসারে, } a + (7 - 1)d = 34$$

$$\therefore a + 6d = 34 \dots\dots\dots (i)$$

$$\text{এবং } a + (13 - 1)d = 64$$

$$\therefore a + 12d = 64 \dots\dots\dots (ii)$$

খ. 'ক' হতে পাই,  $a + 6d = 34 \dots\dots\dots (i)$

$$\text{এবং } a + 12d = 64 \dots\dots\dots (ii)$$

সমীকরণ (i) হতে (ii) বিয়োগ করে পাই,

$$a + 12d = 64$$

$$a + 6d = 34$$

$$\begin{array}{r} (-) \quad (-) \quad (-) \\ \hline 6d = 30 \end{array}$$

$$\text{বা, } d = \frac{30}{6} \therefore d = 5$$

$d$ -এর মান (i) নং এ বসিয়ে পাই,

$$a + 6 \cdot 5 = 34$$

$$\text{বা, } a + 30 = 34$$

$$\text{বা, } a = 34 - 30 \therefore a = 4$$

$\therefore$  ধারাটির প্রথম পদ 4 এবং সাধারণ অন্তর 5.

$$\therefore \text{ধারাটির দ্বিতীয় পদ} = 4 + (2 - 1)5 = 4 + 5 = 9$$

$$\text{" তৃতীয় " } = 4 + (3 - 1)5 = 4 + 10 = 14$$

$$\text{" চতুর্থ " } = 4 + (4 - 1)5 = 4 + 15 = 19$$

$$\therefore \text{ধারাটি } 4 + 9 + 14 + 19 + \dots\dots\dots \text{ (Ans.)}$$

গ. 'খ' হতে পাই, ধারাটির সাধারণ অন্তর 5

এখন, সাধারণ অন্তরকে সাধারণ অনুপাত বিবেচনা করলে,

আমরা পাই,  $r = 5 > 1$

$$\therefore \text{প্রথম 7টি পদের সমষ্টি } S_7 = \frac{a(r^7 - 1)}{(r - 1)} = \frac{4(5^7 - 1)}{5 - 1} = \frac{4(78425 - 1)}{4} = 78124 \text{ (Ans.)}$$

**প্রশ্ন-৫** ▶  $\frac{1}{\sqrt{2}}, -1, \sqrt{2}, \dots \dots \dots$

ক. গুণোত্তর ধারা কাকে বলে উদাহরণসহ লিখ। ২

খ. ধারাটির কোন পদ  $16\sqrt{2}$ ? নির্ণয় কর। ৪

গ. ধারাটির প্রথম বারটি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

▶◀ ৩নং প্রশ্নের সমাধান ▶◀

ক. কোনো ধারার যেকোনো পদ ও এর পূর্ববর্তী পদের অনুপাত সব সময় সমান হলে অর্থাৎ যেকোনো পদকে এর পূর্ববর্তী পদ দ্বারা ভাগ করলে ভাগফল সর্বদা সমান পাওয়া গেলে সে ধারাটিকে গুণোত্তর ধারা বলে। যেমন :  $2 + 4 + 8 + 16 + \dots\dots\dots$

খ.  $\frac{1}{\sqrt{2}}, -1, \sqrt{2}, \dots \dots \dots$

এখানে,

$$\text{ধারাটির 1ম পদ, } a = \frac{1}{\sqrt{2}}$$

সাধারণ অনুপাত,  $r = -1 \div \frac{1}{\sqrt{2}} = -1 \times \sqrt{2} = -\sqrt{2}$

আমরা জানি,  $n$ -তম পদ  $= ar^{n-1}$

মনে করি,  $n$ -তম পদ  $= 16\sqrt{2}$

প্রশ্নমতে,  $ar^{n-1} = 16\sqrt{2}$

$$\text{বা, } \frac{1}{\sqrt{2}} \times (-\sqrt{2})^{n-1} = 16\sqrt{2}$$

$$\text{বা, } (-\sqrt{2})^{n-1} = 32$$

$$\text{বা, } (-\sqrt{2})^{n-1} = (-\sqrt{2})^{10}$$

$$\text{বা, } n-1 = 10$$

$$\therefore n = 11$$

$$\therefore \text{ধারাটির } 11\text{-তম পদের মান } 16\sqrt{2}$$

গ.  $a = \frac{1}{\sqrt{2}}, r = -\sqrt{2} [\because r < 1]$

আমরা জানি, ধারাটির প্রথম  $n$  পদের সমষ্টি

$$= \frac{a(1-r^n)}{1-r}$$

$$= \frac{\frac{1}{\sqrt{2}} \{1 - (-\sqrt{2})^{12}\}}{1 - (-\sqrt{2})} [\because n = 12]$$

$$= \frac{\frac{1}{\sqrt{2}} (1 - 64)}{1 + \sqrt{2}} = \frac{-63}{\sqrt{2} (1 + \sqrt{2})}$$

$$= \frac{-63}{2 + \sqrt{2}} = \frac{-63(2 - \sqrt{2})}{4 - 2} = \frac{63(\sqrt{2} - 2)}{2} \text{ (Ans.)}$$

**পশ্ন-৬** ▶ একটি গুণোত্তর ধারার ৬ষ্ঠ পদ ৯৬ এবং দশম পদ ১৫৩৬.

ক. ১ম পদ  $a$ , সাধারণ অনুপাত  $q$  ধরে তথ্যটিকে ২টি সমীকরণের মাধ্যমে প্রকাশ কর। ২

খ. ধারাটির অষ্টম পদ নির্ণয় কর। ৪

গ. ধারাটির  $n$  সংখ্যক পদের যোগফল ৩০৬৯ হলে  $n$  এর মান নির্ণয় কর। ৪

▶◀ ৬নং প্রশ্নের সমাধান ▶◀

ক. ধরি, ধারাটির ১ম পদ  $a$ , সাধারণ অনুপাত  $q$

$$৬\text{ষ্ঠ পদ} = aq^{6-1} = aq^5$$

$$১০\text{ম পদ} = aq^{10-1} = aq^9$$

$$\text{প্রশ্নমতে, } aq^5 = 96 \dots\dots\dots (i)$$

$$aq^9 = 1536 \dots\dots\dots (ii)$$

খ. (ii) নং কে (i) নং দ্বারা ভাগ করে পাই,

$$\frac{aq^9}{aq^5} = \frac{1536}{96}$$

$$\text{বা, } q^{9-5} = 16$$

$$\text{বা, } q^4 = 2^4$$

$$\therefore q = 2$$

(i) নং এ  $q$  এর মান বসিয়ে পাই,

$$a \cdot 2^5 = 96$$

$$\text{বা, } a = \frac{96}{32}$$

$$\therefore a = 3$$

এখন, ধারাটির অষ্টম পদ  $= aq^{8-1} = 3 \times 2^7 = 3 \times 128 = 384$  (Ans.)

গ. ১ম পদ  $a = 3$

সাধারণ অনুপাত  $q = 2$

$n$  সংখ্যক পদের যোগফল  $S_n = 3069$

$$\text{এখন, } S_n = a \cdot \frac{q^n - 1}{q - 1}$$

$$\text{বা, } 3069 = 3 \cdot \frac{2^n - 1}{2 - 1}$$

$$\text{বা, } 1023 = 2^n - 1$$

$$\text{বা, } 2^n - 1 = 1023$$

$$\text{বা, } 2^n = 1023 + 1$$

$$\text{বা, } 2^n = 1024$$

$$\text{বা, } 2^n = 2^{10}$$

$$\therefore n = 10 \text{ (Ans.)}$$

**পশ্ন-৭** ▶ রনি সাহেব একটি বাগান করার জন্য কিছু গাছ লাগাবে। সে ঠিক করল যে প্রথম দিনে ২টি, দ্বিতীয় দিনে ৪টি এভাবে পরবর্তী দিনগুলোতে পূর্বের দিনের দ্বিগুণ হারে গাছ লাগাবে।

- ক. রনি সাহেবের গাছ লাগানো ধারায় প্রকাশ কর। ২
- খ. রনি সাহেব কোন দিনে ১২৪টি গাছ লাগাবে? ৪
- গ. কত দিনে রনি সাহেব মোট ১০২৪টি গাছ লাগাবে? ৪

▶◀ ৭নং প্রশ্নের সমাধান ▶◀

ক. ১ম দিন গাছ লাগান ২টি

২য় দিন গাছ লাগান ৪টি

৩য় দিন গাছ লাগান ৮টি

$$\therefore \text{নির্ণেয় ধারা } 2 + 4 + 8 + \dots\dots\dots$$

খ. 'ক' হতে প্রাপ্ত  $2 + 4 + 8 + \dots\dots\dots$

ধারাটি গুণোত্তর ধারা

ধারাটির ১ম পদ,  $a = 2$

ধারাটির সাধারণ অনুপাত,  $r = 2$

মনে করি,  $n$  তম পদ  $= 128$

আমরা জানি,

$$n \text{ তম পদ} = ar^{n-1}$$

$$\therefore \text{শর্তমতে, } ar^{n-1} = 128$$

$$\text{বা, } 2 \cdot 2^{n-1} = 128$$

$$\text{বা, } 2^n = 64$$

$$\text{বা, } 2^n = 2^6$$

$$\text{বা, } n - 1 = 6$$

$$\therefore n = 6 + 1 = 7$$

৭ম দিন। (Ans.)

গ. 'খ' হতে প্রাপ্ত

ধারাটির ১ম পদ  $a = 2$

ধারাটির সাধারণ অনুপাত  $r = 2$

মনে করি,  $n$  তম পদের সমষ্টি  $= 1022$

$$\text{আমরা জানি, } n \text{ তম পদের সমষ্টি} = \frac{a(r^n - 1)}{r - 1}$$

$$\text{প্রশ্নমতে, } \frac{a(r^n - 1)}{r - 1} = 1022$$

$$\text{বা, } 2(2^n - 1) = 1022$$

বা,  $2^n - 1 = 511$

বা,  $2^n = 512$

বা,  $2^n = 2^9$

$\therefore n = 9$

$\therefore$  রনি সাহেব 9 দিনে 1022টি গাছ লাগাবেন। (Ans.)

**প্রশ্ন-৮** ▶  $3 + 5 + 7 + 9 + \dots$

ক. প্রদত্ত ধারাটির কোন পদ 303? ২

খ. প্রদত্ত ধারাটির  $n$  সংখ্যক পদের সমষ্টি 323 হলে  $n$  এর মান নির্ণয় কর। 8

গ. ধারাটি গুণোত্তর ধারাতুল্য হলে এর ৪র্থ পদের মান হয় 192। গুণোত্তর ধারার ২য় ও ৩য় পদের মান নির্ণয় করে এর প্রথম 7টি পদের সমষ্টি নির্ণয় কর। 8

▶◀ ৮নং প্রশ্নের সমাধান ▶◀

ক. এখানে, প্রথম পদ,  $a = 3$

সাধারণ অন্তর,  $d =$  দ্বিতীয় পদ - প্রথম পদ  $= 5 - 3 = 2$

ইহা একটি সমান্তর ধারা।

মনে করি, ধারাটির  $n$ -তম পদ  $= 303$

বা,  $a + (n - 1)d = 303$

বা,  $3 + (n - 1) \times 2 = 303$

বা,  $3 + 2n - 2 = 303$

বা,  $1 + 2n = 303$

বা,  $2n = 303 - 1$

বা,  $2n = 302$

$\therefore n = 151$

$\therefore$  ধারাটির 151তম পদ 303. (Ans.)

খ. 'ক' হতে পাই, প্রথম পদ  $a = 3$  এবং সাধারণ অন্তর,  $d = 2$

এখানে,  $n$  সংখ্যক পদের সমষ্টি,  $S_n = 323$

বা,  $\frac{n}{2} \{2a + (n - 1)d\} = 323$

বা,  $\frac{n}{2} \{2 \times 3 + (n - 1) \times 2\} = 323$

বা,  $n(6 + 2n - 2) = 646$

বা,  $n(4 + 2n) = 646$

বা,  $4n + 2n^2 = 646$

বা,  $2n + n^2 = 323$  [উভয় পক্ষকে 2 দ্বারা ভাগ করে]

বা,  $n^2 + 2n - 323 = 0$

বা,  $n^2 + 19n - 17n - 323 = 0$

বা,  $n(n + 19) - 17(n + 19) = 0$

বা,  $(n + 19)(n - 17) = 0$

হয়,  $n + 19 = 0$  অথবা,  $n - 17 = 0$

বা,  $n = -19$  বা,  $n = 17$

[ইহা গ্রহণযোগ্য নয়, কারণ পদসংখ্যা ঋণাত্মক হতে পারে না]

নির্ণেয় মান :  $n = 17$  (Ans.)

গ. দেওয়া আছে, ৪র্থ পদ  $= 192$

এখানে, ধারাটির প্রথম পদ,  $a = 3$  এবং পদ সংখ্যা,  $n = 4$

ধরি, সাধারণ অনুপাত  $= r$

আমরা জানি,  $n$ তম পদ  $= ar^{n-1}$

$\therefore ar^{n-1} = 192$

বা,  $3 \times r^{4-1} = 192$

বা,  $3r^3 = 192$

বা,  $r^3 = 64$

বা,  $r = \sqrt[3]{64}$  [ঘনমূল করে]

$\therefore r = 4$

$\therefore$  ধারাটির ২য় পদ  $= ar^{n-1} = 3 \times (4)^{2-1} = 3 \times 4 = 12$

এবং ধারাটির ৩য় পদ  $= ar^{n-1}$   
 $= 3 \times (4)^{3-1}$   
 $= 3 \times 4^2$   
 $= 3 \times 16$   
 $= 48$

সাধারণ অনুপাত,  $r = \frac{12}{3} = 4 > 1$

আমরা জানি, গুণোত্তর ধারার  $n$  সংখ্যক পদের সমষ্টি  $S_n = \frac{a(r^n - 1)}{r - 1}$

$\therefore$  ধারাটির প্রথম 7টি পদের সমষ্টি  $S_7 = \frac{3(4^7 - 1)}{4 - 1}$   
 $= \frac{3(16384 - 1)}{3}$   
 $= 16383$  (Ans.)

**প্রশ্ন-৯** ▶ একটি অনুক্রমের সাধারণ পদ  $4n - 2$ , ( $n \in \mathbb{N}$ )

ক. অনুক্রমটি লেখ। ২

খ. ধারাটি গঠন করে ধারাটির কত তম পদ 186. 8

গ. অনুক্রমের প্রথম সংখ্যাটিকে প্রথম পদ এবং সাধারণ অন্তরকে সাধারণ অনুপাত ধরে ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি নির্ণয় কর। 8

▶◀ ৯নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে, অনুক্রমের সাধারণ পদ  $4n - 2$

$\therefore n \in \mathbb{N}$

$\therefore n = 1, 2, 3, 4, \dots$  বসিয়ে পাই।

$n = 1$  হলে  $4n - 2 = 4 \cdot 1 - 2 = 2$

$n = 2$  হলে  $4n - 2 = 4 \cdot 2 - 2 = 6$

$n = 3$  হলে  $4n - 2 = 4 \cdot 3 - 2 = 10$

$n = 4$  হলে  $4n - 2 = 4 \cdot 4 - 2 = 14$

$n = n$  হলে  $4n - 2 = 4 \cdot n - 2 = 4n - 2$

অনুক্রমটি হলো 2, 6, 10, 14, ...,  $4n - 2$

খ. দেওয়া আছে, অনুক্রমের সাধারণ পদ  $4n - 2$

$\therefore n \in \mathbb{N}$

$\therefore n = 1, 2, 3, 4, \dots$  বসিয়ে পাই।

$n = 1$  হলে  $4n - 2 = 4 \cdot 1 - 2 = 2$

$n = 2$  হলে  $4n - 2 = 4 \cdot 2 - 2 = 6$

$n = 3$  হলে  $4n - 2 = 4 \cdot 3 - 2 = 10$

$n = 4$  হলে  $4n - 2 = 4 \cdot 4 - 2 = 14$

$n = n$  হলে  $4n - 2 = 4 \cdot n - 2 = 4n - 2$

ধারাটি হলো  $2 + 6 + 10 + 14 + \dots + (4n - 2)$

মনে করি, ধারাটির  $n$ তম পদ 186

প্রশ্নমতে,  $a + (n - 1)d = 186$

বা,  $2 + (n - 1)4 = 186$

বা,  $2 + 4n - 4 = 186$

বা,  $4n - 2 = 186$

বা,  $4n = 186 + 2$

বা,  $n = \frac{188}{4}$

∴  $n = 47$

∴ ধারাটির 47তম পদ 186 (Ans.)

গ. দেওয়া আছে, প্রথম পদ,  $a = 2$

সাধারণ অনুপাত,  $r = 4$

এবং পদ সংখ্যা,  $n = 10$

আমরা জানি, গুণোত্তর ধারার  $n$  পদের সমষ্টি

$$\begin{aligned} & \frac{a(r^n - 1)}{r - 1} \text{ [যখন } r > 1] \\ &= \frac{2(4^{10} - 1)}{4 - 1} = \frac{2(1048576 - 1)}{3} \\ &= \frac{2 \times 1048575}{3} = 69,050 \text{ (Ans.)} \end{aligned}$$

**প্রশ্ন-১০** ▶ প্রতীক ও প্রতীম মার্বেল নিয়ে খেলতে বসল। তারা প্রথমে একটি পাত্রে 6টি মার্বেল রাখল। ২য়, ৩য় ও ৪র্থ পাত্রে মার্বেল সংখ্যা হলো  $m$ ,  $n$  এবং 162টি।

- ক. তথ্যানুসারে ধারাটি লিখে সাধারণ অনুপাত নির্ণয় কর। ২  
 খ. উপযুক্ত সূত্র প্রয়োগ করে ২য় ও ৩য় পাত্রের মার্বেল সংখ্যা নির্ণয় কর এবং ধারাটির পূর্ণরূপ লিখ। 8  
 গ. 162 কে প্রথম পদ ধরে ধারাটি বিপরীত ক্রমে লিখে একটি নতুন ধারা তৈরি করা হলে যার প্রথম  $n$  সংখ্যক পদের সমষ্টি 242।  $n$  এর মান বের কর। [উপযুক্ত সমষ্টির সূত্র প্রয়োগ আবশ্যিক।] 8

▶◀ ১০নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে প্রথম পাত্রের মার্বেল সংখ্যা 6টি এবং ২য়, ৩য় ও ৪র্থ পাত্রের মার্বেল সংখ্যা যথাক্রমে  $m$ ,  $n$  এবং 162টি।

∴ ধারাটি,  $6 + m + n + 162 + \dots$

এখানে, ১ম পদ,  $a = 6$

ধরি, সাধারণ অনুপাত =  $r$

আমরা জানি,  $n$  তম =  $ar^{n-1}$

∴ ৪র্থ পদ =  $ar^{4-1}$

বা,  $162 = 6.r^3$

বা,  $r^3 = \frac{162}{6}$

বা,  $r^3 = 27$

∴  $r = 3$

এখানে,  $a = 2$

$d = 6 - 2 = 4$

$n = ?$

∴ সাধারণ অনুপাত 3 (Ans.)

খ. 'ক' হতে পাই, ধারাটি,  $6 + m + n + 162 + \dots$

এখানে, ১ম পদ,  $a = 6$

সাধারণ অনুপাত,  $r = 3$  ['ক' হতে]

আমরা জানি, গুণোত্তর ধারার  $n$  তম পদ =  $ar^{n-1}$

∴ ধারাটির ২য় পদ =  $6.3^{2-1}$

বা,  $m = 6.3$

∴  $m = 18$

এবং ধারাটির ৩য় পদ =  $6.3^{3-1}$

বা,  $n = 6.3^2$

বা,  $n = 6.9$

∴  $n = 54$

∴ ২য় ও ৩য় পাত্রের মার্বেল সংখ্যা যথাক্রমে 18টি ও 54টি

এবং ধারাটির পূর্ণরূপ  $6 + 18 + 54 + 162 + \dots$  (Ans.)

গ. 'খ' হতে পাই, ধারাটির পূর্ণরূপ  $6 + 18 + 54 + 162 + \dots$  ধারাটিকে বিপরীতক্রমে লিখলে পাই,

$162 + 54 + 18 + 6 + \dots$

এখানে, ১ম পদ,  $a = 162$

সাধারণ অনুপাত,  $r = \frac{54}{162} = \frac{1}{3} < 1$

আমরা জানি, গুণোত্তর ধারার প্রথম  $n$  সংখ্যক পদের সমষ্টি

$S_n = \frac{a(1 - r^n)}{1 - r}$ ,  $r < 1$

এখানে, ধারাটির  $n$  সংখ্যক পদের সমষ্টি = 242

বা,  $\frac{a(1 - r^n)}{1 - r} = 242$

বা,  $\frac{162 \left\{ 1 - \left( \frac{1}{3} \right)^n \right\}}{1 - \frac{1}{3}} = 242$

বা,  $\frac{162 \left( 1 - \frac{1}{3^n} \right)}{\frac{2}{3}} = 242$

বা,  $162 \left( 1 - \frac{1}{3^n} \right) \times \frac{3}{2} = 242$

বা,  $\left( 1 - \frac{1}{3^n} \right) \times 243 = 242$

বা,  $1 - \frac{1}{3^n} = \frac{242}{243}$

বা,  $\frac{1}{3^n} = 1 - \frac{242}{243}$

বা,  $\frac{1}{3^n} = \frac{1}{243}$

বা,  $3^n = 3^5$

∴  $n = 5$  (Ans.)

অনুশীলনমূলক কাজের আলোকে সৃজনশীল প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন-১১** ▶ একটি গুণোত্তর ধারার প্রথম পদ 2 এবং সাধারণ অনুপাত - 1.

- ক. গুণোত্তর ধারার  $n$ -তম পদ নির্ণয়ের সূত্র লেখ। ২  
 খ. গুণোত্তর ধারাটি নির্ণয় কর। 8

গ. ধারাটির 30 পদের সমষ্টি নির্ণয় কর।

▶◀ ১১নং প্রশ্নের সমাধান ▶◀

- ক. কোনো গুণোত্তর ধারার প্রথম পদ  $a$  এবং সাধারণ অনুপাত  $r$  হলে, গুণোত্তর ধারার  $n$ -তম পদ  $= ar^{n-1}$ .
- খ. এখানে, প্রথম পদ,  $a = 2$   
সাধারণ অনুপাত,  $r = -1$   
অতএব, দ্বিতীয় পদ  $= ar^{2-1} = ar = 2(-1) = -2$   
তৃতীয় পদ  $= ar^{3-1} = ar^2 = 2(-1)^2 = 2$   
চতুর্থ পদ  $= ar^{4-1} = ar^3 = 2(-1)^3 = -2$   
.....  
.....  
নির্ণয়ে ধারাটি  $2 - 2 + 2 - 2 + \dots$
- গ. 'খ' হতে প্রাপ্ত, গুণোত্তর ধারা,  $2 - 2 + 2 - 2 + \dots$   
ধারাটির প্রথম পদ,  $a = 2$   
সাধারণ অনুপাত,  $r = -1 < 1$   
পদসংখ্যা,  $n = 30$   
 $\therefore$  প্রথম 30 পদের সমষ্টি,  $S_{30} = \frac{a(1-r^{30})}{1-r}$   
 $= \frac{3\{1-(-1)^{30}\}}{1-(-1)} = \frac{3(1-1)}{1+1} = \frac{3 \times 0}{2} = \frac{0}{2} = 0$   
 $\therefore$  ধারাটির 30 পদের সমষ্টি 0.

**প্রশ্ন-১২ ▶** 'ক' তাঁর ছেলেকে স্কুলে নেয়া-আনার জন্য এক ব্যক্তিকে ১লা এপ্রিল থেকে এক মাসের জন্য নিয়োগ করলেন। তার পারিশ্রমিক ঠিক করা হলো ১ম দিন এক পয়সা, দ্বিতীয় দিন ১ম দিনের দ্বিগুণ, ৩য় দিন ২য় দিনের দ্বিগুণ এভাবে বাড়তে থাকবে।

- ক. ঐ ব্যক্তি দ্বিতীয় ও তৃতীয় দিনে মোট কত টাকা পাবে? ২
- খ. প্রথম পাঁচ দিনের টাকার পরিমাণ থেকে দেখাও যে, প্রাপ্ত টাকার পরিমাণ গুণোত্তর সসীম ধারা। ৪
- গ. ধারাটি লেখ এবং সাপ্তাহিক ছুটির দিনসহ ঐ ব্যক্তি এক মাস পর কত টাকা পাবে? ৪

▶◀ ১২নং প্রশ্নের সমাধান ▶◀

- ক. ১ম দিনে পায় = 0.01 টাকা  
২য় দিনে পায় = (0.01 × 2) টাকা = 0.02 টাকা  
৩য় দিনে পায় = (0.02 × 2) টাকা = 0.04 টাকা  
দ্বিতীয় ও তৃতীয় দিনে মোট পায় = (0.02 + 0.04) টাকা

- $= 0.06$  টাকা  
 $\therefore$  সে মোট 0.06 টাকা পাবে।
- খ. 'ক' অংশ হতে প্রাপ্ত,  
১ম দিনে পায় = 0.01 টাকা  
২য় দিনে পায় = 0.02 টাকা  
৩য় দিনে পায় = 0.04 টাকা  
এখন, চতুর্থ দিনে পায় = (0.04 × 2) টাকা = 0.08 টাকা  
এবং পঞ্চম দিনে পায় = (0.08 × 2) টাকা = 0.16 টাকা  
সাধারণ অনুপাত  $r = \frac{0.02}{0.01} = \frac{0.04}{0.02} = \frac{0.16}{0.08} = 2$   
এখানে, যেকোনো দিনের টাকাকে তার পূর্ববর্তী দিনের টাকার পরিমাণ দ্বারা ভাগ করলে ভাগফল সর্বদা সমান।  
আবার ধারাটির পদসংখ্যা নির্দিষ্ট সুতরাং এটি একটি গুণোত্তর সসীম ধারা।  
(দেখানো হলো)
- গ. ঐ ব্যক্তি প্রথম দিন পায় = 0.01 টাকা  
২য় দিন পায় = 0.02 টাকা  
৩য় দিন পায় = 0.04 টাকা  
চতুর্থ দিন পায় = 0.08 টাকা  
এপ্রিল মাস = 30 দিন  
তাহলে, ধারাটি হবে,  $0.01 + 0.02 + 0.04 + 0.08 + \dots$   
এখানে ধারাটির প্রথম পদ,  $a = 0.01$   
সাধারণ অনুপাত,  $r = \frac{0.02}{0.01} = 2$  [ $r > 1$ ]  
পদসংখ্যা,  $n = 30$   
এক মাস পর ঐ ব্যক্তি পাবেন  $= S_n$  টাকা  
আমরা জানি,  $S_n = \frac{a(r^n - 1)}{r - 1}$  [ $r > 1$ ]  
 $= \frac{0.01(2^{30} - 1)}{2 - 1} = \frac{0.01(2^{30} - 1)}{1}$   
 $= \frac{2^{30} - 1}{100} = 10737418.23$   
 $\therefore$  ঐ ব্যক্তি এক মাস পর পাবেন 10737418.23 টাকা।

অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন-১৩ ▶**  $5 + x + y + z + 405$  এটি একটি গুণোত্তর ধারা।

- ক. ধারাটির সাধারণ অনুপাত নির্ণয় কর। ২
- খ. উদ্দীপকটি হতে  $x, y$  ও  $z$  এর মান নির্ণয় কর। ৪
- গ. ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

▶◀ ১৩নং প্রশ্নের সমাধান ▶◀

- ক.  $5 + x + y + z + 405$  একটি গুণোত্তর ধারা।  
ধারাটির ১ম পদ,  $a = 5$ , সাধারণ অনুপাত  $= r$   
 $\therefore$  ধারাটির পঞ্চম পদ  $= ar^{5-1} = 5.r^4$   
প্রশ্নমতে,  $5r^4 = 405$   
বা,  $r^4 = 81$

- বা,  $r^4 = 3^4$   
 $\therefore r = \pm 3$   
 $\therefore$  ধারাটির সাধারণ অনুপাত  $r = \pm 3$
- খ. যেহেতু ধারাটি গুণোত্তর শ্রেণিত্বুক্ত  
 $\therefore r = 3$  হলে,  $\frac{x}{5}$  বা,  $x = 15$   
 $\frac{y}{x} = \frac{y}{15} = 3$  বা,  $y = 45$   
 $\frac{z}{y} = \frac{z}{45} = 3$  বা,  $z = 135$   
আবার,  $r = -3$  হলে,

$$\frac{x}{5} = -3 \text{ বা, } x = -15$$

$$\frac{y}{x} = \frac{y}{-15} = -3 \text{ বা, } y = 45$$

$$\frac{z}{y} = \frac{z}{45} = -3 \text{ বা, } z = -135$$

$$\therefore x = 15, y = 45 \text{ ও } z = 135$$

অথবা,  $x = -15, y = 45$  এবং  $z = -135$  (Ans.)

গ. ধারাটির ১ম পদ,  $a = 5$

সাধারণ অনুপাত,  $r = 3$

$$\begin{aligned} \text{ধারাটির প্রথম দশটি পদের সমষ্টি, } S_{10} &= \frac{a(r^{10} - 1)}{r - 1} [r > 1] \\ &= \frac{5(3^{10} - 1)}{3 - 1} \\ &= \frac{5 \times 59048}{2} \\ &= 147620 \text{ (Ans.)} \end{aligned}$$

আবার, সাধারণ অনুপাত,  $r = -3$  হলে

$$\begin{aligned} \text{ধারাটির প্রথম 10টি পদের সমষ্টি, } S_{10} &= \frac{a(1 - r^{10})}{1 - r} [r < 1] \\ &= \frac{5(1 - (-3)^{10})}{1 - (-3)} \\ &= \frac{5 \times (-59048)}{4} \\ &= -73810 \text{ (Ans.)} \end{aligned}$$

**প্রশ্ন-১৪** ▶ একটি 2550 মিটার লম্বা ফিতা কেটে এমনভাবে টুকরা করা হল যেন প্রথম টুকরাটির দৈর্ঘ্য 2 মিটার এবং পরবর্তী প্রতিটি টুকরার দৈর্ঘ্য তার পূর্ববর্তী টুকরা থেকে 2 মিটার বেশি হয়। ফলে টুকরাগুলোর দৈর্ঘ্য সমান্তর ধারা গঠন করে।

- ক. ধারার সূত্রের সাহায্যে 19তম টুকরার দৈর্ঘ্য নির্ণয় কর। ২
- খ. মোট টুকরার সংখ্যা নির্ণয় কর। 8
- গ. যদি ফিতাটির দৈর্ঘ্য 504 মিটার কম হত এবং প্রতিটি টুকরার দৈর্ঘ্য তার পূর্ববর্তী টুকরার দৈর্ঘ্যের দ্বিগুণ হত তাহলে কয়টি টুকরা করা যেত? 8

▶◀ ১৪নং প্রশ্নের সমাধান ▶◀

ক. এখানে প্রথম টুকরার দৈর্ঘ্য,  $a = 2$  মিটার  
প্রতিটি টুকরার দৈর্ঘ্যের পার্থক্য (সাধারণ অন্তর),  $d = 2$  মিটার

$$\begin{aligned} \therefore 19\text{তম টুকরার দৈর্ঘ্য} &= a + (19 - 1)d \\ &= (2 + 18 \times 2) \text{ মিটার} \\ &= (2 + 36) \text{ মিটার} \\ &= 38 \text{ মিটার (Ans.)} \end{aligned}$$

খ. এখানে, প্রথম টুকরার দৈর্ঘ্য,  $a = 2$  মিটার  
সাধারণ অন্তর,  $d = 2$  মিটার

মনে করি, মোট টুকরার সংখ্যা =  $n$   
তাহলে  $n$  সংখ্যক টুকরার দৈর্ঘ্যের সমষ্টি 2550 মিটার

$$\begin{aligned} \text{সুতরাং, } \frac{n}{2} \{2a + (n - 1)d\} &= 2550 \\ \text{বা, } \frac{n}{2} \{2 \times 2 + (n - 1) \times 2\} &= 2550 \end{aligned}$$

$$\text{বা, } \frac{n}{2} \{4 + 2n - 2\} = 2550$$

$$\text{বা, } \frac{n}{2} \{2n + 2\} = 2550$$

$$\text{বা, } \frac{n}{2} \times 2(n + 1) = 2550$$

$$\text{বা, } n(n + 1) = 2550$$

$$\text{বা, } n^2 + n - 2550 = 0$$

$$\text{বা, } n^2 + 51n - 50n - 2550 = 0$$

$$\text{বা, } n(n + 51) - 50(n + 51) = 0$$

$$\text{বা, } (n - 50)(n + 51) = 0$$

$$\text{হয়, } n - 50 = 0 \quad \text{অথবা, } n + 51 = 0$$

$$\therefore n = 50$$

$$\therefore n = -51$$

যেহেতু টুকরার সংখ্যা ঋণাত্মক হতে পারে না।

সুতরাং  $n = -51$  গ্রহণযোগ্য নয়।

অতএব, মোট টুকরার সংখ্যা 50.

গ. ফিতাটির দৈর্ঘ্য 504 মিটার কম হলে এর দৈর্ঘ্য হবে

$$(2550 - 504) \text{ মিটার} = 2046 \text{ মিটার।}$$

প্রতিটি টুকরার দৈর্ঘ্য তার পূর্ববর্তী টুকরার দৈর্ঘ্যের দ্বিগুণ হলে টুকরাগুলোর দৈর্ঘ্য একটি গুণোত্তর ধারা গঠন করবে,

যার প্রথম পদ,  $a = 2$  মিটার

সাধারণ অনুপাত,  $r = 2 > 1$

মনে করি, এক্ষেত্রে টুকরার সংখ্যা হত  $m$

তাহলে  $m$  সংখ্যক টুকরার দৈর্ঘ্যকে সমষ্টি 2046 মিটার

$$\text{সুতরাং } \frac{a(r^m - 1)}{(r - 1)} = 2046$$

$$\text{বা, } \frac{2(2^m - 1)}{2 - 1} = 2046$$

$$\text{বা, } 2(2^m - 1) = 2046$$

$$\text{বা, } 2^m - 1 = \frac{2046}{2}$$

$$\text{বা, } 2^m - 1 = 1023$$

$$\text{বা, } 2^m = 1023 + 1$$

$$\text{বা, } 2^m = 1024$$

$$\text{বা, } 2^m = 2^{10}$$

$$\therefore m = 10$$

সুতরাং, মোট টুকরার সংখ্যা 10

**প্রশ্ন-১৫** ▶ একটি গুণোত্তর ধারার পঞ্চম পদ  $\frac{2\sqrt{3}}{9}$  এবং দশম পদ  $\frac{8\sqrt{2}}{81}$ .

ক. সমস্যাটিকে সমীকরণ আকারে প্রকাশ কর। ২

খ. ধারাটির ১ম পদ এবং সাধারণ অনুপাত নির্ণয় কর। 8

গ. ধারাটির তৃতীয় পদ এবং প্রথম তিনটি পদের সমষ্টি নির্ণয় কর। 8

▶◀ ১৫নং প্রশ্নের সমাধান ▶◀

ক. মনে করি, গুণোত্তর ধারার ১ম পদ =  $a$

$$\text{সাধারণ অনুপাত} = r$$

$$\text{আমরা জানি, গুণোত্তর ধারার } n \text{ তম পদ} = ar^{n-1}$$

$$\text{শর্তানুসারে, গুণোত্তর ধারার পঞ্চম পদ} = ar^{5-1}$$

$$\therefore aq^4 = \frac{2\sqrt{3}}{9} \dots\dots\dots (i)$$

এবং গুণোত্তর ধারার দশম পদ =  $aq^{10-1}$

$$\therefore aq^9 = \frac{8\sqrt{2}}{81} \dots\dots\dots (ii)$$

খ. 'ক' হতে প্রাপ্ত সমীকরণ (ii) কে (i) দ্বারা ভাগ করে পাই,

$$\frac{\frac{8\sqrt{2}}{81}}{\frac{2\sqrt{3}}{9}} = \frac{aq^9}{aq^4}$$

$$\text{বা, } \frac{8\sqrt{2}}{81} \times \frac{9}{2\sqrt{3}} = q^{9-4}$$

$$\text{বা, } \frac{4\sqrt{2}}{9\sqrt{3}} = q^5$$

$$\text{বা, } q^5 = \frac{(\sqrt{2})^4 \sqrt{2}}{(\sqrt{3})^4 \sqrt{3}} = \frac{(\sqrt{2})^5}{(\sqrt{3})^5} = \left(\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)^5$$

$$\therefore q = \frac{\sqrt{2}}{\sqrt{3}}$$

q এর মান সমীকরণ (i) এ বসিয়ে পাই,

$$a \left(\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)^4 = \frac{2\sqrt{3}}{9}$$

$$\text{বা, } a \cdot \frac{4}{9} = \frac{2\sqrt{3}}{9}$$

$$\text{বা, } 4a = 2\sqrt{3}$$

$$\therefore a = \frac{2\sqrt{3}}{4} = \frac{\sqrt{3}}{2}$$

$$\therefore \text{ধারাটির ১ম পদ } \frac{\sqrt{3}}{2} \text{ এবং সাধারণ অনুপাত } \frac{\sqrt{2}}{\sqrt{3}}$$

গ. প্রদত্ত ধারার তৃতীয় পদ =  $aq^{3-1} = aq^2$

$$= \frac{\sqrt{3}}{2} \cdot \left(\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)^2 = \frac{\sqrt{3}}{2} \cdot \frac{2}{3} = \frac{1}{\sqrt{3}}$$

আমরা জানি,

$$\text{গুণোত্তর ধারার } n \text{ পদের সমষ্টি} = \frac{a(1-q^n)}{1-q} \text{ [যখন } q < 1]$$

$\therefore$  প্রদত্ত ধারার ১ম তিনটি পদের সমষ্টি

$$= \frac{\frac{\sqrt{3}}{2} \left\{ 1 - \left(\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)^3 \right\}}{1 - \frac{\sqrt{2}}{\sqrt{3}}} = \frac{\frac{\sqrt{3}}{2} \left( 1 - \frac{2\sqrt{2}}{3\sqrt{3}} \right)}{\frac{\sqrt{3}-\sqrt{2}}{\sqrt{3}}} = \frac{\frac{\sqrt{3}}{2} \cdot \frac{3\sqrt{3}-2\sqrt{2}}{3\sqrt{3}}}{\frac{\sqrt{3}-\sqrt{2}}{\sqrt{3}}}$$

$$= \frac{\frac{3\sqrt{3}-2\sqrt{2}}{6}}{\frac{\sqrt{3}-\sqrt{2}}{\sqrt{3}}} = \frac{3\sqrt{3}-2\sqrt{2}}{6} \times \frac{\sqrt{3}}{\sqrt{3}-\sqrt{2}}$$

$$= \frac{3\sqrt{3}-2\sqrt{2}}{2\sqrt{3}(\sqrt{3}-\sqrt{2})}$$

$\therefore$  ধারাটির তৃতীয় পদ  $\frac{1}{\sqrt{3}}$  এবং

$$\text{তিনটি পদের সমষ্টি } \frac{3\sqrt{3}-2\sqrt{2}}{2\sqrt{3}(\sqrt{3}-\sqrt{2})} \text{ (Ans.)}$$

**প্রশ্ন-১৬ ▶**  $\frac{1}{\sqrt{2}}, -1, \sqrt{2} - \dots\dots\dots$  একটি ধারা।



- ক. ধারাটির প্রকৃতি নির্ণয় কর। ২  
 খ. ধারাটির কত তম পদ  $8\sqrt{2}$ ? ৪  
 গ. ধারাটির প্রথম আটটি পদের সমষ্টি কত? ৪

▶◀ ১৬নং প্রশ্নের সমাধান ▶◀

ক. প্রদত্ত ধারা,  $\frac{1}{\sqrt{2}}, -1, \sqrt{2} - \dots\dots\dots$

ধারাটির যেকোনো পদ ও তার পূর্ববর্তী পদের অনুপাত

$$= \frac{-1}{\frac{1}{\sqrt{2}}} \text{ বা, } \frac{\sqrt{2}}{-1} = -\sqrt{2}$$

এবং এর শেষ পদ নেই।

$\therefore$  এটি একটি অনন্ত গুণোত্তর ধারা।

খ. মনে করি, ধারাটির n তম পদ =  $8\sqrt{2}$

প্রথম পদ,  $a = \frac{1}{\sqrt{2}}$  এবং সাধারণ অনুপাত,  $q = -\sqrt{2}$

একটি গুণোত্তর ধারার n তম পদ =  $aq^{n-1}$

$$\therefore \text{প্রদত্ত ধারাটির } n \text{ তম পদ} = \frac{1}{\sqrt{2}} (-\sqrt{2})^{n-1}$$

$$\text{প্রশ্নমতে, } \frac{1}{\sqrt{2}} (-\sqrt{2})^{n-1} = 8\sqrt{2}$$

$$\text{বা, } (-\sqrt{2})^{n-1} = 8 \times \sqrt{2} \times \sqrt{2}$$

$$\text{বা, } (-\sqrt{2})^{n-1} = 16$$

$$\text{বা, } (-\sqrt{2})^{n-1} = (-\sqrt{2})^8$$

$$\text{বা, } n-1 = 8$$

$$\text{বা, } n = 8 + 1$$

$$\therefore n = 9$$

অতএব, প্রদত্ত ধারাটির 9ম পদ  $8\sqrt{2}$

গ. এখানে, ধারাটির প্রথম পদ,  $a = \frac{1}{\sqrt{2}}$

সাধারণ অনুপাত,  $q = -\sqrt{2} < 1$

$$\therefore \text{এখানে, পদ সংখ্যা, } n = 8$$

$$\therefore \text{সমষ্টি, } S_n = \frac{a(1-q^n)}{1-q}$$

$$S_8 = \frac{\frac{1}{\sqrt{2}} \{ 1 - (-\sqrt{2})^8 \}}{1 - (-\sqrt{2})} \text{ [মান বসিয়ে]}$$

$$= \frac{\frac{1}{\sqrt{2}} (1-2^4)}{1+\sqrt{2}} = \frac{\frac{1}{\sqrt{2}} (1-16)}{1+\sqrt{2}} = \frac{-15}{\sqrt{2}(\sqrt{2}+1)}$$

$$= \frac{-15}{2+\sqrt{2}} = \frac{-15(2-\sqrt{2})}{(2+\sqrt{2})(2-\sqrt{2})} = \frac{-15(2-\sqrt{2})}{4-2}$$

$$= \frac{-15(2-\sqrt{2})}{2}$$

$$\therefore \text{ধারাটির প্রথম ৪টি পদের সমষ্টি } \frac{-15(2-\sqrt{2})}{2}$$

**প্রশ্ন-১৭ ▶**  $5 + x + y + 135$  একটি গুণোত্তর ধারা ভুক্ত।



- ক. ধারা থেকে একটি সমীকরণ গঠন কর। ২  
 খ. x এবং y এর মান নির্ণয় কর। ৪  
 গ. নির্ণীত x কোনো গুণোত্তর ধারার প্রথম পদ এবং y



দ্বিতীয় পদ হলে ধারাটির প্রথম 10 পদের সমষ্টি কত? 8

▶▶ ১৭নং প্রশ্নের সমাধান ▶▶

ক. এখানে ধারাটির প্রথমপদ,  $a = 5$

মনে করি, ধারাটির সাধারণ অনুপাত =  $q$

∴ ধারাটির চতুর্থ পদ =  $aq^{4-1} = aq^3 = 5q^3$

প্রশ্নমতে,  $5q^3 = 135$

নির্ণয় সমীকরণ  $aq^3 = 135$

খ. 'ক' হতে পাই,  $5q^3 = 135$

$$\text{বা, } q^3 = \frac{135}{5}$$

$$\text{বা, } q^3 = 27$$

$$\text{বা, } q^3 = 3^3$$

$$\therefore q = 3$$

∴ ধারাটির দ্বিতীয় পদ,  $x = aq^{2-1} = aq = 5.3 = 15$

এবং ধারাটির তৃতীয় পদ,  $y = aq^{3-1} = aq^2 = 5.3^2 = 45$

গ. 'খ' হতে পাই,  $x = 15$  এবং  $y = 45$

∴ ধারাটির প্রথম পদ,  $a = 15$  এবং সাধারণ অনুপাত,  $q = \frac{45}{15} = 3 > 1$

পদ সংখ্যা,  $n = 10$

$$\begin{aligned} \therefore \text{সমষ্টি, } S &= \frac{a(q^n - 1)}{q - 1} = \frac{15(3^{10} - 1)}{3 - 1} = \frac{15(59049 - 1)}{2} \\ &= \frac{15 \times 59048}{2} = 442860 \end{aligned}$$

∴ ধারাটির প্রথম 10টি পদের সমষ্টি 442860

প্রশ্ন-১৮ ▶  $2 - 4 + 8 - \dots - 1024$  একটি গুণোত্তর ধারা।

ক. ধারাটির সাধারণ অনুপাত কত? ২

খ. ধারাটির কত তম পদ  $-1024$ ? 8

গ. ধারাটির সমষ্টি নির্ণয় কর। 8

▶▶ ১৮নং প্রশ্নের সমাধান ▶▶

ক. দেওয়া আছে, গুণোত্তর ধারাটি  $2 - 4 + 8 - \dots - 1024$

এখানে, ধারাটির প্রথম পদ,  $a = 2$

সাধারণ অনুপাত,  $r = \frac{-4}{2} = -2$

খ. 'ক' হতে পাই, গুণোত্তর ধারাটির প্রথম পদ,  $a = 2$

সাধারণ অনুপাত,  $r = -2$

মনে করি, ধারাটির  $n$  তম পদ =  $-1024$

বা,  $ar^{n-1} = -1024$  [ $\because n$  তম পদ =  $ar^{n-1}$ ]

বা,  $2(-2)^{n-1} = -1024$

বা,  $(-2)^{n-1} = \frac{-1024}{2}$

বা,  $(-2)^{n-1} = -512$

বা,  $(-2)^{n-1} = (-2)^9$

বা,  $n - 1 = 9$

বা,  $n = 9 + 1$

∴  $n = 10$

∴ ধারাটির 10ম পদ  $-1024$

গ. 'খ' হতে পাই, ধারাটির প্রথম পদ,  $a = 2$

সাধারণ অনুপাত,  $r = -2 < 1$

পদ সংখ্যা,  $n = 10$

আমরা জানি, গুণোত্তর ধারার সমষ্টি,  $S_n = a \left( \frac{1 - r^n}{1 - r} \right)$ ,  $r < 1$

$$\begin{aligned} \therefore \text{ধারাটির সমষ্টি } S_{10} &= \frac{2(1 - (-2)^{10})}{1 - (-2)} \quad [\because n = 10] \\ &= \frac{2\{1 - 1024\}}{1 + 2} \\ &= \frac{2 \times (-1023)}{3} \\ &= -682 \text{ (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন-১৯ ▶  $\log 2 + \log 8 + \log 512 + \dots$  একটি ধারা।

ক. ধারাটিকে গুণোত্তর ধারায় রূপান্তর কর। ২

খ. ধারাটির 7ম পদ কত? 8

গ. ধারাটির প্রথম 7টি পদের সমষ্টি নির্ণয় কর। 8

▶▶ ১৯নং প্রশ্নের সমাধান ▶▶

ক. দেওয়া আছে, ধারাটি =  $\log 2 + \log 8 + \log 512 + \dots$

$$= \log 2 + \log 2^3 + \log 2^9 + \dots$$

$$= \log 2 + 3\log 2 + 9\log 2 + \dots$$

যা একটি গুণোত্তর ধারা।

খ. 'ক' অংশ হতে পাই,  $\log 2 + 3\log 2 + 9\log 2 + \dots$

এখানে, ধারাটির প্রথম পদ,  $a = \log 2$

সাধারণ অনুপাত,  $r = \frac{3\log 2}{\log 2} = 3$

আমরা জানি, গুণোত্তর ধারার  $n$  তম পদ =  $ar^{n-1}$

$$\begin{aligned} \therefore \text{ধারাটির 7ম পদ} &= ar^{7-1} \\ &= (\log 2) \times 3^{7-1} \\ &= (\log 2) \times 3^6 \\ &= 729 \log 2 \end{aligned}$$

∴ ধারাটির 7ম পদ  $729 \log 2$

গ. 'খ' হতে পাই, গুণোত্তর ধারাটির প্রথম পদ,  $a = \log 2$

সাধারণ অনুপাত,  $r = 3 > 1$

এবং পদসংখ্যা,  $n = 7$

আমরা জানি,

গুণোত্তর ধারার প্রথম  $n$  সংখ্যক পদের সমষ্টি,

$$S_n = a \left( \frac{r^n - 1}{r - 1} \right), r > 1$$

$$\begin{aligned} \therefore \text{ধারাটির 7টি পদের সমষ্টি, } S_7 &= \log 2 \left( \frac{3^7 - 1}{3 - 1} \right) \\ &= \log 2 \times \frac{2187 - 1}{2} \\ &= \log 2 \times \frac{2186}{2} \\ &= 1093 \log 2 \end{aligned}$$

∴ ধারাটির প্রথম 7টি পদের সমষ্টি  $1093 \log 2$

প্রশ্ন-২০ ▶ প্রথম  $n$  সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি 225.

ক. প্রথম  $n$  সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি নির্ণয় কর। ২

খ. ঐ সংখ্যাগুলোর বর্গের সমষ্টি কত? 8

গ. দেখাও যে প্রথম  $n$  সংখ্যক স্বাভাবিক সংখ্যার বর্গের

সমষ্টি  $\frac{n(n+1)(2n+1)}{6}$  ৪

▶▶ ২০নং প্রশ্নের সমাধান ▶▶

ক. আমরা জানি, প্রথম  $n$  সংখ্যক স্বাভাবিক সংখ্যার ঘনের সমষ্টি =  $\left\{ \frac{n(n+1)}{2} \right\}^2$

প্রশ্নমতে,  $\left\{ \frac{n(n+1)}{2} \right\}^2 = 225$

বা,  $\frac{n(n+1)}{2} = \sqrt{225}$

$\therefore \frac{n(n+1)}{2} = 15$

$\therefore$  প্রথম  $n$  সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি 15 (Ans.)

খ. 'ক' হতে প্রাপ্ত,  $\frac{n(n+1)}{2} = 15$

বা,  $n(n+1) = 30$

বা,  $n^2 + n = 30$

বা,  $n^2 + n - 30 = 0$

বা,  $n^2 + 6n - 5n - 30 = 0$

বা,  $n(n+6) - 5(n+6) = 0$

বা,  $(n+6)(n-5) = 0$

হয়,  $n+6 = 0$  অথবা,  $n-5 = 0$

$\therefore n = -6$   $\therefore n = 5$

কিন্তু পদসংখ্যা ঋণাত্মক হতে পারে না। অর্থাৎ  $n = -6$  গ্রহণযোগ্য নয়।

$\therefore n = 5$

ঐ সংখ্যাগুলোর বর্গের সমষ্টি =  $\frac{n(n+1)(2n+1)}{6}$   
 $= \frac{5 \cdot (5+1) \cdot (2 \cdot 5 + 1)}{6}$   
 $= \frac{5 \cdot 6 \cdot 11}{6} = 55$  (Ans.)

গ. মনে করি,  $S = 1^2 + 2^2 + 3^2 + \dots + n^2$

প্রশ্ন-২১ ▶  $64 + 32 + 16 + 8 + \dots$  একটি গুণোত্তর ধারা।

ক. ধারাটির 10ম পদ কোনটি? ২

খ. ধারাটির কোন পদ  $\frac{1}{4}$ ? ৪

গ. ধারাটির প্রথম 8টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

▶▶ ২১নং প্রশ্নের সমাধান ▶▶

ক. ধারাটির প্রথম পদ,  $a = 64$

সাধারণ অনুপাত,  $r = \frac{32}{64} = \frac{1}{2}$

আমরা জানি, গুণোত্তর ধারার  $n$  তম পদ =  $ar^{n-1}$

সুতরাং ধারাটির 10ম পদ =  $ar^{10-1} = 64 \left(\frac{1}{2}\right)^9$   
 $= 2^6 \left(\frac{1}{2}\right)^9 = 2^{6-9} = 2^{-3} = \frac{1}{2^3} = \frac{1}{8}$

নির্ণয় ধারাটির 10ম পদ  $\frac{1}{8}$

খ. মনে করি, ধারাটির  $n$  তম পদ  $\frac{1}{4}$

$\therefore ar^{n-1} = \frac{1}{4}$

আমরা জানি,  $r^3 - (r-1)^3 = r^2 - (r^3 - 3r^2 + 3r - 1)$   
 $= 3r^2 - 3r + 1$

এখানে,  $r = 1, 2, 3, \dots$  বসিয়ে পাই,

$1^3 - 0^3 = 3 \cdot 1^2 - 3 \cdot 1 + 1$

$2^3 - 1^3 = 3 \cdot 2^2 - 3 \cdot 2 + 1$

$3^3 - 2^3 = 3 \cdot 3^2 - 3 \cdot 3 + 1$

$n^3 - (n-1)^3 = 3n^2 - 3n + 1$

যোগ করে,

$n^3 = 3(1^2 + 2^2 + \dots + n^2) - 3(1 + 2 + 3 + \dots + n) + (1 + 1 + \dots + 1)$   
 $= 3S - 3 \cdot \frac{n(n+1)}{2} + n$

বা,  $-3S = -n^3 - \frac{3n(n+1)}{2} + n$

বা,  $-3S = -\left\{ n^3 + \frac{3n(n+1)}{2} - n \right\}$

বা,  $3S = n^3 + \frac{3n(n+1)}{2} - n$

বা,  $3S = \frac{2n^3 + 3n^2 + 3n - 2n}{2}$

বা,  $3S = \frac{2n^3 + 3n^2 + n}{2}$

বা,  $3S = \frac{n(2n^2 + 3n + 1)}{2}$

বা,  $3S = \frac{n\{2n^2 + 2n + n + 1\}}{2}$

বা,  $S = \frac{n(2n+1)(n+1)}{6}$

$\therefore S = \frac{n(n+1)(2n+1)}{6}$

$\therefore 1^2 + 2^2 + 3^2 + \dots + n^2 = \frac{n(n+1)(2n+1)}{6}$  (দেখানো হলো)

বা,  $64 \cdot \left(\frac{1}{2}\right)^{n-1} = \left(\frac{1}{2}\right)^2$

বা,  $\left(\frac{1}{2}\right)^{n-1} = \left(\frac{1}{2}\right)^2 \cdot \left(\frac{1}{2}\right)^6$

বা,  $\left(\frac{1}{2}\right)^{n-1} = \left(\frac{1}{2}\right)^{2+6}$

বা,  $\left(\frac{1}{2}\right)^{n-1} = \left(\frac{1}{2}\right)^8$

বা,  $n-1 = 8$

বা,  $n = 8 + 1$

$\therefore n = 9$

$\therefore$  ধারাটির নবম পদ  $\frac{1}{4}$

গ. আমরা জানি, গুণোত্তর ধারার প্রথম  $n$  সংখ্যক পদের সমষ্টি  $\frac{a(1-r^n)}{1-r}$ ; যখন  $r < 1$ .

সুতরাং ধারাটির প্রথম 8টি পদের সমষ্টি,

$S_n = \frac{a(1-r^n)}{1-r} = \frac{64\left\{1 - \left(\frac{1}{2}\right)^8\right\}}{1 - \frac{1}{2}}$  ['ক' হতে প্রাপ্ত]

$$= \frac{64\left(1 - \frac{1}{2}\right)}{\frac{1}{2}} = \frac{64\left(\frac{256-1}{256}\right)}{\frac{1}{2}} = \frac{255 \times 64}{256} \times 2 = \frac{255}{2} \times 2 = 127.5$$

অতএব, ধারাটির প্রথম ৪টি পদের সমষ্টি 127.5

**প্রশ্ন-২২** ▶ একটি গুণোত্তর ধারার ১ম পদ  $a$ , সাধারণ অনুপাত  $q$ , ধারাটির

পঞ্চম পদ  $\frac{2\sqrt{3}}{9}$  এবং দশম পদ  $\frac{8\sqrt{2}}{81}$ .

- ?** ক. উপরিউক্ত তথ্যগুলোকে সমীকরণ আকারে লেখ। ২  
 খ. ধারাটির প্রথম পদ এবং সাধারণ অনুপাত বের কর। ৪  
 গ. ধারাটি নির্ণয় কর এবং এর নবম পদ বের কর। ৪

▶▶ ২২নং প্রশ্নের সমাধান ▶▶

- ক. সৃজনশীল প্রশ্ন ১৫(ক) সমাধান দেখ।  
 খ. সৃজনশীল প্রশ্ন ১৫(খ) সমাধান দেখ।

গ. 'খ' থেকে পাই,  $a = \frac{\sqrt{3}}{2}$  এবং  $r = \frac{\sqrt{2}}{\sqrt{3}}$

$$\therefore ১ম পদ  $a = \frac{\sqrt{3}}{2}$$$

$$২য় পদ = ar = \frac{\sqrt{3}}{2} \times \frac{\sqrt{2}}{\sqrt{3}} = \frac{1}{\sqrt{2}}$$

$$৩য় পদ = ar^2 = \frac{\sqrt{3}}{2} \times \left(\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)^2 = \frac{\sqrt{3}}{2} \times \frac{2}{3} = \frac{1}{\sqrt{3}}$$

$$\text{নির্ণেয় ধারাটি } \frac{\sqrt{3}}{2} + \frac{1}{\sqrt{2}} + \frac{1}{\sqrt{3}}$$

$$\text{এখন, ধারাটির নবম পদ} = ar^{9-1} = ar^8 = \frac{\sqrt{3}}{2} \times \left(\frac{\sqrt{2}}{\sqrt{3}}\right)^8 = \frac{\sqrt{3}}{2} \times \frac{2^4}{3^4}$$

$$= \frac{\sqrt{3}}{2} \times \frac{16}{81} = \frac{8\sqrt{3}}{81}$$

$$\therefore \text{ধারাটির নবম পদ } \frac{8\sqrt{3}}{81}$$

সৃজনশীল প্রশ্নব্যংক উত্তরসহ

**প্রশ্ন-২৩** ▶  $7 + x + y + 189 + \dots$  একটি গুণোত্তর ধারা

- ক. ধারাটির চতুর্থ পদকে সমীকরণের সাপেক্ষে প্রকাশ কর। ২  
 খ.  $x$  এবং  $y$  এর মান নির্ণয় কর। ৪  
 গ. নির্ণীত  $y$  কোনো গুণোত্তর ধারার প্রথম পদ এবং  $x$  দ্বিতীয় পদ হলে ধারাটির প্রথম ৪টি পদের সমষ্টি কত? ৪

উত্তর : ক.  $7r^3 = 189$ ; খ. 21, 63; গ.  $\frac{280}{3}$

**প্রশ্ন-২৪** ▶ একটি গুণোত্তর ধারার প্রথম পদ  $a$ , সাধারণ অনুপাত  $r$ , ধারাটির পঞ্চম পদ  $3\sqrt{3}$  এবং অষ্টম পদ  $-27$ .

- ক. উপরিউক্ত তথ্যগুলোকে দুইটি সমীকরণের মাধ্যমে প্রকাশ কর। ২  
 খ. ধারাটির 15তম পদ নির্ণয় কর। ৪  
 গ. ধারাটি বের কর এবং প্রথম 11টি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

উত্তর : ক.  $ar^4 = 3\sqrt{3}$ ,  $ar^7 = -27$ ; খ.  $729\sqrt{3}$ ;

$$\text{গ. } \frac{728\sqrt{3} - 726}{6}$$

**প্রশ্ন-২৫** ▶  $3 + 3^2 + 3^3 + 3^4 + \dots$

- ক. ধারাটির সাধারণ পদ নির্ণয় কর। ২  
 খ. ধারাটির প্রথম আটটি পদের সমষ্টি নির্ণয় কর। ৪  
 গ. ধারাটির প্রথম পদকে প্রথম পদ এবং সাধারণ অনুপাতকে সাধারণ অঙ্কর ধরে নতুন ধারাটির পঞ্চম পদের সাথে প্রদত্ত ধারাটির চতুর্থ পদের যোগফল নির্ণয় কর। ৪

উত্তর : ক.  $3^n$ ; খ. 9840; গ. 96

**প্রশ্ন-২৬** ▶ একটি জাম গাছে প্রতি বছর জামের ফলন পূর্ববর্তী বছরের ফলনের প্রায়  $\frac{5}{2}$

গুণ। ২০১০ সালে ঐ লিচু গাছে 512টি লিচুর ফলন হল।

- ক. লিচুর ফলনকে ধারার আকারে প্রকাশ কর। ২  
 খ. 2013 সালে ঐ গাছে কয়টি লিচুর ফলন হতে পারে? ৪  
 গ. 2009 থেকে 2013 এই পাঁচ বছরে মোট কয়টি লিচুর ফলন হতে পারে? ৪

উত্তর : ক.  $512 + 640 + 800 + \dots$ ; খ. 1250; গ. 4202

**প্রশ্ন-২৭** ▶  $\log 2 + \log 8 + \log 512 + \dots$  একটি ধারা।

- ক. ধারাটিকে গুণোত্তর ধারায় রূপান্তর কর। ২

- খ. ধারাটির 7তম পদ কত হবে? ৪  
 গ. প্রথম সাতটি পদের সমষ্টি নির্ণয় কর। ৪

উত্তর : ক.  $\log 2 + 3 \log 2 + 9 \log 2 + \dots$ ;  
 খ.  $729 \log 2$ ; গ.  $10931 \log 2$

**প্রশ্ন-২৮** ▶  $1 + 2 + 3 + \dots + 45$  একটি ধারা।

- ক. ধারাটিতে কয়টি পদ রয়েছে? ২  
 খ. পদগুলোর বর্গের সমষ্টি কত হবে? ৪  
 গ. কত সংখ্যক স্বাভাবিক সংখ্যার সমষ্টি 'খ' এর প্রাপ্ত মানের চেয়ে 15 বেশি? ৪

উত্তর : ক. 9; খ. 285; গ. 24

**প্রশ্ন-২৯** ▶  $\frac{1}{3} - \frac{1}{\sqrt{3}}, 1, \dots$  একটি অনুক্রম।

- ক. অনুক্রমটির সাধারণ অনুপাত নির্ণয় কর। ২  
 খ. অনুক্রমটির কত তম পদ  $-9\sqrt{3}$ ? ৪  
 গ. অনুক্রমটির  $-9\sqrt{3}$  পদ পর্যন্ত যোগফল নির্ণয় কর। ৪

উত্তর : ক.  $-\frac{1}{\sqrt{3}}$ ; খ. 8; গ. 0.209 (প্রায়)।

**প্রশ্ন-৩০** ▶  $12 + 24 + 48 + \dots + 768$  একটি গুণোত্তর ধারা।

- ক. ধারাটির সাধারণ অনুপাত নির্ণয় কর। ২  
 খ. ধারাটির কত তম পদ 786? ৪  
 গ. ধারাটির সমষ্টি নির্ণয় কর। ৪

উত্তর : ক. 2; খ. 7; গ. 1524.

**প্রশ্ন-৩১** ▶  $64 + 32\sqrt{5} + \dots + 125$  একটি গুণোত্তর ধারা।

- ক. ধারাটির সাধারণ অনুপাত বের কর। ২  
 খ. ধারাটির কত তম পদ 125? ৪  
 গ. ধারাটির সমষ্টি নির্ণয় কর। ৪

উত্তর : ক.  $\frac{\sqrt{5}}{2}$ ; খ. 7; গ.  $369 + 122\sqrt{5}$

**প্রশ্ন-৩২** ▶ একটি গুণোত্তর ধারার পঞ্চম পদ  $-9$  এবং অষ্টম পদ  $-27\sqrt{3}$ .

- ক. প্রথম পদ  $a$  এবং সাধারণ অনুপাত  $r$  ধরে প্রদত্ত তথ্যকে সমীকরণে প্রকাশ কর। ২

খ. ধারাটির কত তম পদ  $-81\sqrt{3}$ ? 8

গ. 'খ' তে প্রাপ্ত পদ পর্যন্ত ধারাটির সমষ্টি নির্ণয় কর। 8

উত্তর : ক.  $ar^{s-1} = -9$ ,  $ar^{8-1} = -27\sqrt{3}$ ; খ. 10; গ.  $-330.58$  (প্রায়)

**প্রশ্ন-৩৩** ▶  $3 + x + y + z + 243$  একটি গুণোত্তর ধারা যেখানে  $x > 0$ ।

ক.  $x$ ,  $y$  ও  $z$  এর মান নির্ণয় কর। ২

খ.  $y$  কোনো গুণোত্তর ধারার ১ম পদ এবং  $z$  দ্বিতীয় পদ হলে ধারাটির ১ম পাঁচটি পদের সমষ্টি কত? 8

গ. ধারাটির ষষ্ঠ পদের মান নির্ণয় কর। 8

উত্তর : ক.  $x = 9$ ;  $y = 27$ ,  $z = 81$  খ.  $S_5 = 3267$  গ. 729.

**প্রশ্ন-৩৪** ▶ একটি গুণোত্তর ধারার পঞ্চম পদ  $\frac{1}{16}$  এবং সপ্তম পদ  $\frac{1}{64}$ ।

ক. উপরিউক্ত তথ্যগুলোকে সমীকরণ আকারে লেখ। ২

খ. ধারাটির প্রথম পদ এবং সাধারণ অনুপাত নির্ণয় কর। 8

গ. ধারাটির প্রথম পদকে প্রথম পদ এবং সাধারণ অনুপাতকে সাধারণ অন্তর ধরে প্রাপ্ত ধারাটি নির্ণয় কর। 8

উত্তর : ক.  $ar^4 = \frac{1}{16}$  এবং  $ar^6 = \frac{1}{64}$ ; খ.  $a = 1$  এবং  $r = \frac{1}{2}$ ; গ.

ধারাটি  $1 + \frac{3}{2} + 2 + \frac{5}{2} + \dots$



## অধ্যায় সমন্বিত সৃজনশীল প্রশ্ন ও সমাধান



**প্রশ্ন-৩৫** ▶ একটি ধারার সাধারণ পদ  $2n + 1$ , ( $n \in \mathbb{N}$ )

ক. ধারাটি নির্ণয় কর। ২

খ. ধারাটির কততম পদ 169? 8

গ. ধারাটির প্রথম সংখ্যাকে প্রথম পদ এবং সাধারণ অন্তরকে সাধারণ অনুপাত ধরে নতুন ধারাটির প্রথম 10টি পদের সমষ্টি নির্ণয় কর। 8

### ▶◀ ৩৫নং প্রশ্নের সমাধান ▶◀

ক. দেওয়া আছে, ধারার সাধারণ পদ বা  $n$  তম পদ  $2n + 1$

এখন,  $n = 1$  হলে প্রথম পদ  $= 2 \cdot 1 + 1 = 3$

$n = 2$  হলে দ্বিতীয় পদ  $= 2 \cdot 2 + 1 = 5$

$n = 3$  হলে তৃতীয় পদ  $= 2 \cdot 3 + 1 = 7$

নির্ণয় ধারাটি হলো  $3 + 5 + 7 +$

খ. মনে করি, ধারাটির  $r$  তম পদ 169.

দেওয়া আছে,  $n$  তম পদ  $= 2n + 1$

$r$  তম পদ  $= 2r + 1$

প্রশ্নানুসারে,  $2r + 1 = 169$

বা,  $2r = 168$

$\therefore r = 84$

$\therefore$  ধারাটির 84 তম পদ 169 (Ans.)

গ. ক থেকে পাই, ধারাটির প্রথম পদ  $a = 3$ .

আবার সাধারণ অন্তর  $= (5 - 3) = 2$ .

এখন, প্রথম সংখ্যাকে প্রথম পদ ও সাধারণ অন্তরকে সাধারণ অনুপাত ধরে গুণোত্তর ধারা তৈরী করলে তার  $n$  তম পদ হবে  $= ar^{n-1}$ .

আমরা জানি,  $n$  তম পদের সমষ্টি  $S_n = \frac{a(r^n - 1)}{r - 1}$  [ $\therefore r > 1$ ]

10 তম পদের সমষ্টি  $S_{10} = \frac{3(2^{10} - 1)}{2 - 1} = 3 \times 1023$   
 $= 3069$ . (Ans.)